

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৪২৬

৬/ মুসাফির ব্যক্তির সালাত ও তা ক্সর করার বর্ণনা (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ৬/১৭. রাতের সালাত, নবী (ﷺ)\_এর রাতের সালাতের সংখ্যা এবং বিতরের সালাত এক রাকআত ও এক রাকআত সালাত সহীহ।

صلاة الليل وعدد ركعات النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ في الليل وأن الوتر ركعة، وأن الركعة صلاة صحيحة

## আরবী

حَدِيْثُ عَائِشَةَ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّهُ سَأَلَ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا كَانَ رَسُولُ اللهِ عَلَيْ إِلَيْ فِي رَمَضَانَ فَقَالَتْ مَا كَانَ رَسُولُ اللهِ عَيْلِي يَزِيدُ فِي كَيْفَ كَانَتْ صَلَاةُ رَسُولُ اللهِ عَلَى إِحْدَى عَشْرَةَ رَكْعَةً يُصَلِّي أَرْبَعًا فَلاَ تَسَلْ عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ أَرْبَعًا فَلاَ تَسَلْ عَنْ حُسْنِهِنَ وَطُولِهِنَّ ثُمَّ يُصِلِّي ثَلَاثًا قَالَتْ عَائِشَةُ وَطُولِهِنَّ ثُمَّ يُصِلِّي ثَلَاثًا قَالَتْ عَائِشَةُ وَطُولِهِنَّ ثُمَّ يُصِلِّي ثَلَاثًا قَالَتْ عَائِشَةُ فَقُلْتُ يَا رَسُولَ اللهِ أَتَنَامُ قَبْلَ أَنْ تُوتِرَ فَقَالَ يَا عَائِشَةُ إِنَّ عَيْنَيَّ تَنَامَانِ وَلاَ يَنَامُ قَلْبِي

## বাংলা

৪২৬. আবূ সালামাহ ইবনু 'আবদুর রহমান (রাযি.) হতে বর্ণিত, তিনি 'আয়িশাহ্ (রাযি.)-কে জিজ্ঞেস করেন, রমাযান মাসে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সালাত কেমন ছিল? তিনি বললেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমাযান মাসে এবং অন্যান্য সময় (রাতের বেলা) এগার রাক'আতের অধিক সালাত আদায় করতেন না। তিনি চার রাক'আত সালাত আদায় করতেন। তুমি সেই সালাতের সৌন্দর্য ও দীর্ঘতা সম্পর্কে আমাকে প্রশ্ন করো না। তারপর চার রাক'আত সালাত আদায় করতেন, এর সৌন্দর্য ও দীর্ঘতা সম্পর্কে আমাকে প্রশ্ন করো না। অতঃপর তিনি তিন রাক'আত (বিতর) সালাত আদায় করতেন। 'আয়িশাহ্ (রাযি.) বলেন, (একদিন) আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! আপনি কি বিত্রের পূর্বে ঘুমিয়ে থাকেন? তিনি ইরশাদ করলেনঃ আমার চোখ দু'টি ঘুমায়, কিন্তু আমার হৃদয় ঘুমায় না।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৯ ; তাহাজ্জুদ, অধ্যায় ১৬, হাঃ ১১৪৭; মুসলিম, পর্ব ৬; মুসাফির ব্যক্তির সালাত ও তা কসর



করার বর্ণনা, অধ্যায় ১৭, হাঃ ৭৩৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন